দৈনিক ইত্তেফাক

তারিখ ... 30 JUN 2003 ...
... ৩ ... ৪ ...

# নরসিংদীতে তিনটি উপজেলায় চালু হচ্ছে সাক্ষরতা-উত্তর অব্যাহত শিক্ষা কর্মসূচী

নিবারণ রায়, নরসিংদী সংবাদদাতা ॥ উপ-আনুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনে মানব উন্নয়নের জন্য স্বাক্ষরতা উত্তর ও অব্যাহত (৭ম পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## নরসিংদীতে ৩টি

(৩য় পৃঃ পর)

শিক্ষা কর্মসূচী প্রকল্প গ্রহণ করেছে। নরসিংদী জেলার পলাশ, শিবপুর ও রায়পুরা এ তিনটি উপজেলাকে নিয়ে এ কর্মসূচী গ্রহণ করা হয়েছে। প্রত্যন্ত গ্রামাঞ্চলের ১১ থেকে ৪৫ বছর বয়স্ক সুযোগ বঞ্চিত জনগোষ্ঠীকে এর আওতায় আনা হয়েছে। যারা ইতোপূর্বে টিএলএম এবং এনজিও কর্মসূচীর মাধ্যমে স্বাক্ষরতা জ্ঞান অর্জন করেছেন তারা এতে অগ্রাধিকার পাবেন। প্রতিটি উপজেলায় ৪টি এনজিওর মাধ্যমে ১৮০টি কেন্দ্রে এ শিক্ষাদান কর্মসূচী চালু করা হবে। প্রতিটি কেন্দ্রে ৬০ জন শিক্ষার্থীর মধ্যে ৩০ জন পুরুষ এবং ৩০ জন মহিলা অংশ নিবে। প্রথম তিন মাস নব্য স্বাক্ষরদের অর্জিত জ্ঞানকে শাণিত করে তাদের স্বাস্থ্য, পুষ্টি, পরিবার পরিকল্পনা, নাগরিক অধিকার ইত্যাদি সম্পর্কে সচেতন করে তোলা হবে। পরবর্তী ছয় মাস তাদের স্থানীয় বাজারের চাহিদা মোতাবেক লাভজনক বিভিন্ন আয় বৃদ্ধিমূলক কার্যক্রমের উপর পেশাদার প্রশিক্ষক দ্বারা প্রশিক্ষণ দিয়ে দক্ষ জনশক্তিতে পরিণত করা হবে এবং তাদের স্ব স্ব পেশায় নিয়োজিত করার জন্য বিভিন্ন সরকারী বেসরকারী সহায়তা দানকারী প্রতিষ্ঠানের সঙ্গে সম্পৃক্ত করার মাধ্যমে অর্থনৈতিক সমৃদ্ধি অর্জনে সর্বোত্তভাবে সহায়তা করা হবে। বিশ্বব্যাংক এ ব্যাপারে আর্থিক সহায়তা দিবে। এর জন্য প্রায় চার কোটি টাকা ব্যয় করা হবে। আগামী ১ জুলাই থেকে এই কার্যক্রম শুরু হচ্ছে বলে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নরসিংদীর কর্মকর্তা মোঃ জগলুল হায়দার জানান। ১২৫ আইটেমের বই পুস্তক এবং মোট ২৭শত শিক্ষার্থী এতে অংশ নিচ্ছে।

## ভারতীয় দূতাবাসের

(৩য় পৃঃ পর)

পরিবেশন করবেন মৃদাঙ্গম। উল্লেখ্য, কলাবতী দেবী নৃত্য, সঙ্গীত, কোরিওগ্রাফী ও মৃদাঙ্গমের এক অসাধারণ প্রতিভাময়ী শিল্পী। তিনি ভারতের মনিপুরী নর্তনালয়ার পরিচালক এবং রবীন্দ্র ভারতীয় বিশ্ববিদ্যালয়ের নৃত্য বিভাগের অন... শিক্ষয়িত্রী। এক সংবাদ বিজ্ঞপ্তিতে গুলশান ১৪২ নং রোডস্থ ভারতীয় দূতাবাসের ... শাখা থেকে সৌজন্য পাস সংগ্রহ ... হয়েছে।

## আজ ঢাকা মহা...

(৩য় পৃঃ প...

কুরুচিপূর্ণ বক্তব্যের প্রতি...
আওয়ামী লীগ আজ সোম...
বঙ্গবন্ধু এভিনিউস্থ ...
বিক্ষোভ সমাবেশ ...
বঙ্গবন্ধু এভিনিউতে ...
ভাষণে মোহাম্...
করেন।

...সংঘর্ষের আশংকা ...রাপ্রাপ্ত দুই পক্ষের ... করছে এবং সংঘর্ষে ... আশংকা রয়েছে। প্রতি ...নিয়ে এই দুই কমিটির মধ্যে ...য় এবং মাঝেমধ্যে তাদের মধ্যে ... স্থানীয় নেতৃবৃন্দ ও প্রশাসনের ...বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণের মধ্য ...তি বছর এই ধর্মীয় অনুষ্ঠানটি সম্পন্ন হয়ে ...ছে। জানা গেছে, রথযাত্রা উপলক্ষে সেখানে বিভিন্ন ধরনের দোকানপাট বসতে শুরু করেছে।